# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576


নং- ৩৭.১৬.০০০০.০০৬.৩৩.০০১.২০- ৪৪৬৩ তারিখ: ০৯/০৯/২০২০ খ্রি:

## ২০২০-২১ শিক্ষাবর্ষে আলিম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলী অনুসরণ করতে হবে

সূত্র: বাংলাদেশ আন্ত: শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির সভাপতির স্বাক্ষরিত ০৭/০৯/২০২০ তারিখের ২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১২৩৩ স্মারকপত্র।

- শিক্ষার্থীকে ভর্তি প্রক্রিয়ার পূর্বেই বেসরকারি মাদ্রাসায় ভর্তির ক্ষেত্রে ভর্তি ফিসহ মাসিক বেতন এবং অন্যান্য যাবতীয় খরচ অবহিত হয়ে সংশ্লিষ্ট মাদ্রাসায় ভর্তি হওয়ার নির্দেশনা দেয়া হলো;
- অনলাইনে বোর্ড থেকে প্রাপ্ত ভর্তিযোগ্য প্রার্থীদের মেধাক্রম তালিকা মাদ্রাসার নোটিশ বোর্ড ও প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা করবে;
- কোটাপ্রাপ্ত শিক্ষার্থীগণ কেবল কোটার উপযুক্ত প্রমাণ্য সনদ দাখিল সাপেক্ষে ভর্তির জন্য বিবেচিত হবে;
- এম.পি.ওভুক্ত মফস্বল/পৌর (উপজেলা) এলাকায় অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে সেশন চার্জসহ ভর্তি ফি সর্বসাকুল্যে ১,০০০/- (এক হাজার) টাকা, পৌর (জেলা সদর) এলাকায় ২,০০০/- (দুই হাজার) টাকা, ঢাকা ব্যতীত অন্যান্য মেট্রোপলিটান এলাকায় ৩,০০০/- (তিন হাজার) টাকার বেশি আদায় করতে পারবে না;
- ঢাকা মেট্রোপলিটান এলাকায় অবস্থিত এম.পি.ও.ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার অতিরিক্ত অর্থ আদায় করতে পারবে না। ঢাকা মেট্রোপলিটান এলাকায় অবস্থিত আংশিক এম.পি.ও.ভুক্ত বা এম.পি.ও.বহির্ভূত শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন এবং এম.পি.ও বহির্ভূত শিক্ষকদের বেতন-ভাতা প্রদানের জন্য শিক্ষার্থী ভর্তির সময় ভর্তি ফি, সেশন চার্জ ও উন্নয়ন ফিসহ বাংলা মাধ্যমে সর্বোচ্চ ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা এবং ইংরেজি ভার্সনে সর্বোচ্চ ৮,৫০০/- (আট হাজার পাঁচশত) টাকা গ্রহণ করতে পারবে। উন্নয়ন খাতে কোন প্রতিষ্ঠান ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকার বেশি আদায় করতে পারবে না;
- সরকারি মাদ্রাসাসমূহ সরকারি পরিপত্র অনুযায়ী প্রয়োজনীয় ফি সংগ্রহ করবে;
- বর্তমান COVID-19 এবং অভিভাবকদের আর্থিক অস্বচ্ছলতার বিষয় বিবেচনা করে দরিদ্র, মেধাবী ও প্রতিবন্ধী শিক্ষার্থী ভর্তিতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহ উল্লেখিত ফি যতদূর সম্ভব মওকুফের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- কোন শিক্ষার্থী অনুমোদিত ফি-এর অতিরিক্ত কোন ফি প্রদান করবে না এবং অনুমোদিত সকল ফি রশিদের মাধ্যমে প্রদান করবে;
- শিক্ষা প্রতিষ্ঠান প্রতি শিক্ষার্থীর নিকট থেকে রেড ক্রিসেন্ট ফি বাবদ (২০/- টাকার ৬০%) ১২/- টাকা গ্রহণ করবে;
- কোন শিক্ষার্থীর পাঠ বিরতি থাকলে ও বিলম্বে ভর্তি হলে তার নিকট হতে উল্লিখিত ফি-এর অতিরিক্ত নিম্নোক্ত ফি গ্রহণ করতে হবে, যথা

| ক্রমিক | বিবরণ | পরিমাণ |
|---|---|---|
| ১. | পাঠ বিরতি ফি | ১৫০/- |
| ২. | বিলম্ব ভর্তি ফি | ১০০/- |

- ভর্তি কার্যক্রম সম্পন্ন হওয়ার পর বোর্ডের বিজ্ঞপ্তির ভিত্তিতে শিক্ষার্থীরা বোর্ডের অনুমতি সাপেক্ষে প্রয়োজনীয় ফি প্রদান করে মাদ্রাসা, গ্রুপ ও বিষয় পরিবর্তন করতে পারবে। তবে সাধারণ ও মুজাব্বিদ মাহির বিভাগ থেকে বিজ্ঞান বিভাগে গ্রুপ পরিবর্তনের কোন সুযোগ নেই, এমনকি বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী অন্য গ্রুপে একবার ভর্তি হওয়ার পর পরবর্তীতে বিজ্ঞান বিভাগে প্রত্যাবর্তনের কোন সুযোগ নেই;
- শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে ভর্তি নীতিমালার কোনরূপ ব্যত্যয় ঘটানো হলে বেসরকারি মাদ্রাসার ক্ষেত্রে পাঠদানের অনুমতি বা স্বীকৃতি বাতিলসহ মাদ্রাসাটির এম.পি.ও.ভুক্তি বাতিল করা হবে এবং সরকারি মাদ্রাসার ক্ষেত্রে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে;
- শিক্ষার্থীদের মাদ্রাসায় ভর্তির ক্ষেত্রে মাদ্রাসা কর্তৃপক্ষ স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক স্বাস্থ্য বিধি যথাযথ ভাবে অনুসরণপূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করবেন, এর ব্যত্যয় ঘটলে সকল দায় দায়িত্ব মাদ্রাসা কর্তৃপক্ষকে বহন করতে হবে।

৯/৯/২০২০

(প্রফেসর কায়সার আহমেদ)
চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৫৮৬১০২১৬

৯/০৯/২০২০

# বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি

স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১২৩৪ তারিখ: ০৮/০৯/২০২০

## ভর্তি সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

**বিষয়: ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিকট থেকে ভর্তিকালীন একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র ইত্যাদি গ্রহণ না করা এবং ভর্তির সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষার্থী ও অভিভাবকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ মহামারির কারণে স্বাস্থ্য বিধি অনুসরণের লক্ষ্যে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিকট থেকে একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্রসহ কোন প্রকার প্রামাণ্যপত্র জমা/গ্রহণের প্রয়োজন নেই। একই কারণে পূর্ব নির্ধারিত ভর্তির সময়সীমা ১৩, ১৪ এবং ১৫ সেপ্টেম্বর ২০২০ থেকে বৃদ্ধি করে ১৭ সেপ্টেম্বর ২০২০ পর্যন্ত করা হলো।

উল্লেখ্য, কোভিড-১৯ মহামারির উন্নতি হলে সুবিধামত সময়ে সত্যায়িত একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্রসহ প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণ/জমা প্রদান করতে বলা হলো। তবে কোটাপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে অবশ্যই কোটা প্রাপ্তির উপযুক্ত প্রামাণ্য সনদ দাখিল সাপেক্ষে ভর্তি হতে হবে।

০৮.০৯.২০২০

**প্রফেসর মু. জিয়াউল হক**
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ও
সভাপতি, বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি।

দৃষ্টি আকর্ষণ:

১. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কলেজ
২. সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ।
৩. অফিস কপি
৪. গার্ড ফাইল